চলাচল সূচি নং- চাল/২৪(২২-২৩)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা
২৯৯, পশ্চিম জুরাইন (নতুন রাস্তা), শ্যামপুর, ঢাকা-১২০৪
www.food.dhakadiv.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০০০.৫০.০০২.২২.২৫ তারিখ: ০৫/০১/২০২৩

প্রাপক,

জেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জ/গাজীপুর।

বিষয়: কিশোরগঞ্জ জেলার ভৈরব এলএসডি হতে গাজীপুর জেলার জয়দেবপুর এলএসডিতে ৬০০.০০০ মে.টন বোরো/২২ সিদ্ধ চালের চলাচল সূচি।

সূত্র: ১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাজীপুর দপ্তরের ২৭/১২/২০২২ তারিখের ২৯৬৭নং স্মারক।
২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জ দপ্তরের ২৮/১২/২০২২ তারিখের ১৬০০নং স্মারক।

কিশোরগঞ্জ জেলার ভৈরব এলএসডির চাহিদার অতিরিক্ত চালের মজুদ থাকায় এবং জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাজীপুরের সুত্রস্থ স্মারকে জয়দেবপুর এলএসডিতে বিভিন্ন খাতে বিলি-বিতরনের লক্ষ্যে নিরাপদ মজুদ গড়ে তোলার চাহিদা বিবেচনায় ৬০০.০০০ মে.টন সংগৃহিত বোরো/২২ সিদ্ধ চালের চলাচল সূচি জারী করা হলো এবং কেন্দ্রভিত্তিক বরাদ্দ ও ঠিকাদারের বিভাজন নিম্নে প্রদান করা হলো।

**কেন্দ্রভিত্তিক বরাদ্দঃ**

| প্রেরন কেন্দ্র | প্রাপক কেন্দ্র | পরিমান | ডিআরটিসি |
|---|---|---|---|
| ভৈরব এল এসডি, কিশোরগঞ্জ | জয়দেবপুর এলএসডি, গাজীপুর | ৬০০ | ৬০০ |
| | মোট = | ৬০০ | ৬০০ |

ডিআরটিসিভিত্তিক বরাদ্দঃ

| ক্র: নং | ঠিকাদারের নাম | পর্যায় সূচি সি | পণ্য | প্রেরক কেন্দ্র | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টনে) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | |
| ১ | মেসার্স তালুকদার এন্টারপ্রাইজ | ৫৯ | সংগৃহিত বোরো/২২ সিদ্ধ চাল | ভৈরব এলএসডি, কিশোরগঞ্জ | জয়দেবপুর এলএসডি, গাজীপুর | ৬০ |
| ২ | মেসার্স এস ইসলাম এন্ড ব্রাদার্স | ৬০ | | ঐ | ঐ | ৬০ |
| ৩ | মেসার্স হোসেন এন্ড কোং | ৬১ | | ঐ | ঐ | ৬০ |
| ৪ | মেসার্স নূর এন্টারপ্রাইজ | ৬২ | | ঐ | ঐ | ৬০ |
| ৫ | মেসার্স ফজলে রাব্বি | ৬৩ | | ঐ | ঐ | ৬০ |
| ৬ | মেসার্স ইব্রাহিম এন্ড ব্রাদার্স | ৬৪ | | ঐ | ঐ | ৬০ |
| ৭ | মেসার্স মুল্লুক চান এন্ড কোং | ৬৫ | | ঐ | ঐ | ৬০ |
| ৮ | মেসার্স খালিদ এন্টারপ্রাইজ | ৬৬ | | ঐ | ঐ | ৬০ |
| ৯ | মেসার্স সোহান এন্টারপ্রাইজ | ৬৭ | | ঐ | ঐ | ৬০ |
| ১০ | মেসার্স জাহান সু স্টোর | ৬৯ | | ঐ | ঐ | ৬০ |
| | | | | | মোট= | ৬০০ |

**<u>পরিবহন ক্ষেত্রে পালণীয় নির্দেশনাবলীঃ</u>**

১। সূচীর বিপরীতে উপরোক্ত সারণীর ৪নং কলামের উল্লেখিত চাল ওয়ারেন্টি অনুসরণপূর্বক প্রেরণ করতে হবে এবং ব্যাক মুভমেন্ট পরিহার করে চাল প্রেরণ করতে হবে। এছাড়া খাদ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী গঠিত কমিটির উপস্থিতিতে চলাচল সূচীর চাল প্রেরণ/গ্রহণ করতে হবে।

২। জারীকৃত চলাচল সূচীর খাদ্যশস্য ঠিকাদার/প্রতিনিধিগণের উপস্থিতিতে পণ্য বোঝাই ট্রাক (ট্রাকে খাদ্যশস্য বোঝাই দেয়ার পর ত্রিপাল দিয়ে ঢেকে ভালভাবে বেঁধে সীলগালা করতে হবে) এবং নমুনা যৌথ স্বাক্ষরে সীলগালাপূর্বক প্রেরণ নিশ্চিত করতে হবে।

৩। ইনভয়েসে "পণ্য/প্রকার" বক্সে চালের প্রকার সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট মানযাচাই কমিটি কর্তৃক চালের ভৌতবিশ্লেষণ প্রতিবেদন প্রেরিত চালের সাথে প্রেরণ করতে হবে;

৪। প্রেরককে প্রেরণকালে প্রতিটি বস্তায় বোঞ্জা মেরে বির্নিদেশ মোতাবেক এবং প্রতিটি বস্তায় মিলারের টেনসিল ও গুদামের টেনসিল নিশ্চিত হয়ে চাল ট্রাকে বোঝাই ও প্রেরণ করতে হবে। এর ব্যত্যয় হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট সকলকে বহন করতে হবে।

৫। প্রাপককে প্রতিটি বস্তায় বোঞ্জা মেরে চালের বিনির্দেশ মোতাবেক এবং প্রতিটি বস্তায় মিলারের টেনসিল ও গুদামের টেনসিল নিশ্চিত হয়ে চাল ট্রাক হতে খালাস ও গ্রহণ করতে হবে। এর কোন ব্যত্যয় ঘটলে সাথে সাথে অত্র দপ্তরসহ সংশ্লিষ্ট প্রেরক কেন্দ্র ও প্রাপক কেন্দ্রের জেলা খাদ্য নিয়ন্ত্রকগণকে অবহিত করতে হবে।

৬। প্রেরককে প্রেরণকালে প্রেরিত চালের দুইটি নমুনা সংগ্রহ করে সীলকৃত অবস্থায় একটি প্রেরণ কেন্দ্রে সংরক্ষণ করতে হবে এবং অপরটি পরিবাহকের মাধ্যমে সীলকৃত অবস্থায় প্রাপক কেন্দ্রে প্রেরণ করতে হবে;

৭। প্রেরক ঠিকাদার/ঠিকাদার প্রতিনিধির বৈধ পরিচয়পত্র যাচাই করে ডেসপাস দিবেন। পরিবহনকারী ঠিকাদার/প্রতিনিধি বিনির্দেশ মোতাবেক চাল গ্রহণ ও পরিবহন করে প্রাপক কেন্দ্রে বুঝিয়ে দিবেন;

৮। প্রেরিত চাল বিনির্দেশ সম্মত আছে কিনা তা দেখে বোঝাই দিতে হবে এবং চালের গুনগত মান ভি-ইনভয়েসে উল্লেখ করতে হবে;

৯। প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা প্রেরণ, প্রাপ্তি ও ভি-ইনভয়েস মনিটরিং করবেন।

১০। প্রাপক কেন্দ্রে নিয়ন্ত্রণকারী কর্মকর্তা প্রাপ্তি, ভি-ইনভয়েস এবং বিলি-বিতরণ মনিটরিং করবেন।

১১। এছাড়া ০৯/০৫/২০১৯ তারিখের ৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতমালা,২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকের নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্টেসিলের স্পষ্ট ছাপ দেয়ার যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে।

১২। খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করনীয় নির্দেশনা 'সম্পকিত মহাপরিচালক" খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১নং প্রজ্ঞাপন এবং এলএসডি/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা" বিষয়ক ১৮/০৪/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪নং স্মারক, ২৯/১১/২০২১খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-১২২৪ নং স্মারক ও ২২/০৫/২২খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৪৭৮নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে।

১৩। খাদ্য অধিদপ্তরের চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ০৮/০৬/২০ তারিখের ৫২৬নং স্মারক জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে প্রেরক কেন্দ্র এবং প্রাপক কেন্দ্র তাদের নির্ধারিত ইনভয়েস যথানিয়মে এন্ট্রি সম্পন্ন করবেন।

১৪। এই সূচীর মেয়াদ আগামী ১২/০১/২০২৩ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

স্বা/-

(মোঃ মাহবুবুর রহমান)
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
ঢাকা।

স্মারক নং-১৩.০১.০০০০.০০০.৫০.০০২.২২.২৫

তারিখ: ০৫/০১/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুযোর্গ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ঢাকা।
৩) সহকারী উপ-পরিচালক, অত্র দপ্তর।
৫) ভারপ্রাপ্ত কর্মকর্তা, .....................এলএসডি, .............জেলা।
৬) মেসার্স ..........................., ডিআরটিসি, ঢাকা।
৭) হিসাব শাখা/নোটিশ বোর্ড/ওয়াব পোর্টাল, অত্র দপ্তর।

৫/১/২৩

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক